

বলিউড বোনাঞ্জা

আতিক রহমান



চির দিনই তুমি যে আমার, যুগে যুগে তুমি আমারই.....

দিলীপ ভবে- সিডনির প্রথিতযশা শিল্পী গাইলেন প্রাণ উজাড় করে কুমার সানুর সেই বিখ্যাত গান দিয়ে অনুষ্ঠানের বাঙ্গালী শ্রোতাদের মন জয় করে নিলেন দিলীপ ভবে। অপূর্ব তার কণ্ঠ, কে গাইছিলেন; কুমার সানু না শিল্পী নিজে বোঝার উপায় ছিল না। এটাই ছিল অনুষ্ঠানের একমাত্র বাংলা গান। আর সবই হিন্দি।



সিডনি উৎসব-এর এবারের আয়োজন ছিল ‘শ্বাসরুদ্ধকর বলিউড বোনাঞ্জা’-একটু ভিন্নধর্মী। যেমন নাম তেমনই তার ধাম; হিন্দি ফিল্মি গানে ভরপুর ছিল অনুষ্ঠান যদিও শিল্পীরা প্রায় সবাই বাঙ্গালি। সোনালী রায়, সৌমিত্র সরকার,

চিরাশমিতা চক্রবর্তী সবাই যার যার অবস্থানে প্রতিষ্ঠিত শিল্পী। অভিজিৎ সরকার ভরা গলায় গাইলেন বেশ কটি হিন্দি গজল, অনেকটাই যেন মেহেদী হাসানের রেশ। সোনালি রয়ের রয়েছে ৫০০ এর উপরে গানের এলবাম, তিনি বাংলা একুশে টিভি’র একটি সিরিজ নাটকের প্লে বেক সিঙ্গার। চিরাশমিতা চক্রবর্তী সঙ্গীতে উচ্চ শিক্ষা নিয়ে গানের জগতে আছেন সেই শিশুকাল থেকে।

“সিডনি উৎসব”-এর এবারের আয়োজন ছিল দুটি মহৎ উদ্দেশ্যে; বাংলাদেশে “রানা প্লাজা” ট্রাজেডি’র ভাগ্যহতদের এবং ভারতের “উত্তর খান্দে” বন্যা পীড়িতদের সাহায্যার্থে। শরতের সুন্দর সন্ধ্যায় গত ৭ই সেপ্টেম্বর পেনেন্ট হিল কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত হলো এই অনুষ্ঠান।





সেদিন ছিল অস্ট্রেলিয়ার জাতীয় ইলেকশন। আগে ভাগে ভোট দিয়ে তৈরি হয়ে ঠিক সময় চলে গিয়েছিলাম অনুষ্ঠানে। কিন্তু অনুষ্ঠান শুরু হতে একটু দেরী হয়ে গিয়েছিল। প্রথমেই নাচ, মুশকিল বেঁধে গেল সেখানেও, নাচের সাথে মিউজিক আসছে না। এসব ছোটখাটো বিচ্যুতি ছাড়া অনুষ্ঠান ছিল সুন্দর। ভেণ্যু সিলেকশন, লাইটিং, স্টেজ সবই ছিল ভাল। সবচেয়ে

চমকপ্রদ ছিল ইমরান আর জয়তি'র সুন্দর সাবলীল উপস্থাপনা। 'সাজ অর্কেস্ট্রা'-এর অপূর্ব মূর্ছনা।

শিল্পীদের

দর্শক

এতটাই

করেছিল যে

দর্শক

একাংশ

তালে নাচ

দিয়েছিলেন।

সিডনি

মহতী

এবং প্রশংসনীয়।



গান অনুষ্ঠানের

শ্রোতাদের

বিমোহিত

একপর্যায়ে

শ্রোতাদের

গানের তালে

শুরু করে

সব মিলিয়ে

উৎসব'র এই

উদ্যোগ সার্থক